শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ নং- ১১/৮৮ তারিখ ঃ ২৪/০৯/২০১৭ খ্রিঃ

সুন্দরবন সংরক্ষিত বনাঞ্চলে যথাযথ আইন প্রয়োগের মাধ্যমে অপরাধ দমন ও বন্যপ্রাণী পর্যবেক্ষণের জন্য আধুনিক টহল ব্যবস্থা "স্মার্ট পেট্রোলিং" চালু করা হয়েছে। এ টহল ব্যবস্থা টেকসই ও কার্যকর করার জন্য Management of the Sundarbans Mangrove Forests for Biodiversity Conservation and Increased Adaptation to Climate Change (সুন্দরবন ব্যবস্থাপনা সহায়তা প্রকল্প) শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান আইন ও বিধিমালা অনুসরণে বাংলা ও ইংরেজীতে প্রণীত SMART Standard Operating Procedure (SMART-SOP) অনুমোদন করা হলো। সুন্দরবন সংরক্ষিত বনাঞ্চল ও এর রক্ষিত এলাকায় বন অপরাধ দমন, বিদ্যমান আইন প্রয়োগ ও বন্যপ্রাণী পর্যবেক্ষণ সহ ব্যাপক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে SMART-SOP (স্মার্ট এসওপি) অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ সফিউল আলম চৌধুরী)
প্রধান বন সংরক্ষক
বন ভবন, আগারগাঁও, ঢাকা।
ফোন ঃ ৮১৮১৭৩৭

পত্র নং-২২.০১.০০০০.০০৯.২৯.৯২৪.১৭.১১৭৬ তারিখ ঃ ২৪/০৯/২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদিত SMART-SOP (স্মার্ট এসওপি)সহ নিম্নলিখিত মহলে প্রেরণ করা হলোঃ

১. উপ-প্রধান বন সংরক্ষক, পরিকল্পনা উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২. উপ-প্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৩. বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা।
৪. বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা।
৫. সহকারী প্রধান বন সংরক্ষক, ব্যবস্থাপনা পরিকল্পনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা
৬. সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৭. বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাট।
৮. বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা।
৯. বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা।
১০. বিভাগীয় বন কর্মকর্তা, ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা।
১১. উপ-বন সংরক্ষক, রিমস ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
১২. অফিস আদেশ।

(মোহাম্মদ সফিউল আলম চৌধুরী)
প্রধান বন সংরক্ষক
বন ভবন, আগারগাঁও, ঢাকা।
ফোন ঃ ৮১৮১৭৩৭

বাংলাদেশের সুন্দরবনে আইন প্রয়োগ ও বন্যপ্রাণী পর্যবেক্ষণের জন্য স্মার্ট টহল পরিচালনা পদ্ধতি

বাংলাদেশের সুন্দরবনে আইন প্রয়োগ ও বন্যপ্রাণী পর্যবেক্ষণের জন্য স্মার্ট টহল পরিচালনা পদ্ধতি (স্মার্ট অপস) বাংলাদেশ সরকারের বিদ্যমান আইন ও বিধিমালার সাথে সম্পূর্ণরূপে সঙ্গতিপূর্ণ। বন বিভাগের কর্মচারীগণ স্মার্ট টহল পরিকল্পনা এবং তা বাস্তবায়নে সবসময় এই "স্মার্ট অপস" মেনে চলবেন। সেইসাথে স্মার্ট টহলের সময় প্রয়োজনীয় ডাটা (উপাত্ত) সংগ্রহ ও ব্যবস্থাপনা এবং টহল কার্যক্রমের হালনাগাদ প্রতিবেদন তৈরি, বন, মৎস্য ও বন্যপ্রাণী অপরাধ এবং হুমকির সম্মুখীন থাকা গুরুত্বপূর্ণ বন্যপ্রাণীর পর্যবেক্ষণকৃত ডাটা সংগ্রহের ক্ষেত্রেও এই "স্মার্ট অপস" অনুসরণ করতে হবে। "স্মার্ট অপস" অনুসরণের বিস্তারিত নির্দেশিকা "বাংলাদেশের সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক" এ পাওয়া যাবে। সকল স্মার্ট টহলে এই হ্যান্ডবুক সাথে রাখতে হবে এবং "স্মার্ট অপস" বাস্তবায়নের জন্য মূলসূত্র হিসেবে ব্যবহার করতে হবে।

১. স্মার্ট টহলের উদ্দেশ্য

১.১. বন অপরাধ দমন ও আইন প্রয়োগঃ সংশ্লিষ্ট আইন ও বিধিমালা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের সুন্দরবনে বন অপরাধ দমন করে সকল জীববৈচিত্র্যের জন্য একটি নিরাপদ পরিবেশ সৃষ্টি করা।

১.২. হুমকি পর্যবেক্ষণঃ সব ধরনের হুমকি যেমন - মাছ ধরার ধ্বংসাত্মক সরঞ্জাম ও কৌশল (যেমন-বিষ দিয়ে মাছ ধরা), বন্যপ্রাণী শিকার ও শিকারের সরঞ্জাম, গাছচোর ও গাছ কাটার আলামত, গবাদিপশু চরানো, অবৈধ নৌ-চলাচল এবং দূষণের প্রবণতা (ট্রেন্ড) পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ ও লিপিবদ্ধ করা।

১.৩. বন্যপ্রাণী পর্যবেক্ষণঃ বন্যপ্রাণীর উপস্থিতির যাচাইযোগ্যভাবে তথ্য লিপিবদ্ধকরণ, জীববৈচিত্র্য ও বাস্তুতান্ত্রিক প্রবণতা নির্ণয় এবং টহলের কার্যকারিতা মূল্যায়ন করা।

১.৪. আইন ও বিধিমালা বিষয়ে সচেতনতা সৃষ্টিঃ আইন এবং বিধিমালা মেনে চলার জন্য মৎস্যজীবী, ট্যুর অপারেটর, জলযান চালক ও ক্রুসহ সকল সম্পদ ব্যবহারকারীদেরকে সচেতন করা।

২. স্মার্ট টহল প্রয়োগ কমিটি

২.১ সুন্দরবনের অভয়ারণ্যসমূহ এবং সংরক্ষিত বনাঞ্চলে সকল স্মার্ট টহল কার্যক্রম ও আইন প্রয়োগীকরণ অভিযান একটি "স্মার্ট টহল প্রয়োগ কমিটি" দ্বারা পরিচালিত হবে। এতে সভাপতি হিসেবে থাকবেন বন সংরক্ষক, খুলনা সার্কেল এবং সদস্য হিসেবে থাকবেন বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাট; বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা; বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা এবং সুন্দরবনের শরনখোলা, চাঁদপাই, খুলনা ও সাতক্ষীরা রেঞ্জে কর্মরত রেঞ্জ অফিসারগণ।

২.২ প্রয়োগ কমিটি স্মার্ট টহলের কর্মপদ্ধতি, প্রতিবেদন তৈরি, বাজেট তৈরি ও পরিকল্পনা গ্রহণের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করবে। এ ছাড়া প্রয়োজনীয় মালামাল সরবরাহ, অর্থনৈতিক নিরাপত্তা, আভ্যন্তরীণ দাপ্তরিক সমন্বয় সাধন এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বয় সাধনেরও কাজ করবে। কমিটির সিদ্ধান্ত মোতাবেক সভাপতি প্রধান বন সংরক্ষককে প্রতিবেদন প্রদান করবেন। সভাপতির সিদ্ধান্তের ভিত্তিতে প্রয়োগ কমিটির সভা আহ্বান করা হবে।

২.৩ বন সংরক্ষক, খুলনা সার্কেল দক্ষ অফিসারের প্রাপ্যতা সাপেক্ষে তাঁর দপ্তর অথবা বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা হতে একজন স্মার্ট ডাটা কোঅর্ডিনেটর এবং সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাট ও সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা হতে দুইজন স্মার্ট ডাটা ম্যানেজার নির্ধারণ করবেন।

৩. স্মার্ট টহল দলের আচরণ বিষয়ক নির্দেশনা

স্মার্ট টহলে অংশগ্রহণকারী বন বিভাগের সকল কর্মচারী এবং অন্যান্য সংস্থার সদস্যগণকে এ নির্দেশ কঠোরভাবে মেনে চলতে হবে। আচরণের সর্বস্তরে সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ ও বাংলাদেশ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর নিম্নোক্ত বিধিসমূহ বিশেষভাবে প্রযোজ্য হবেঃ

৩.১. সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ৫ঃ উপহার- (১) এই বিধিতে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন সরকারী কর্মচারী, সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে, নিকট আত্মীয় বা ব্যক্তিগত বন্ধু ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট হইতে এমন কোন উপহার গ্রহণ করিতে বা তাঁহার পরিবারের কোন সদস্যকে বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তিকে উপহার গ্রহণের অনুমতি প্রদান করিতে পারিবেন না, যাহার গ্রহণ সরকারী কর্তব্য পালনে উপহার দাতার নিকট তাঁহাকে যে কোনরূপ বাধ্যবাধকতায় আবদ্ধ করে। তবে যদি অনুচিত মনোকষ্ট প্রদান ব্যতিরেকে উপহারের

প্রস্তাব প্রত্যাখ্যান না করা যায়, তাহা হইলে উপহার গ্রহণপূর্বক নিষ্পত্তির জন্য সরকারের নিকট হস্তান্তর করিতে হইবে।

(২) কোন উপহার গ্রহণ সরকারী কর্মচারীকে উপহার দাতার নিকট কোনরূপ সরকারী কর্তব্য পালনে বাধ্যবাধকতায় আবদ্ধ করে কি না, এই সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হইলে, এই বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হইবে।

৩.২. বাংলাদেশ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) "অসদাচরণ" অর্থ সুশৃঙ্খলা বা চাকরি শৃঙ্খলার হানিকর আচরণ অথবা সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর কোন বিধানের পরিপন্থী কোন কার্য, অথবা কোন কর্মকর্তা বা ভদ্রলোকের পক্ষে অনুচিত শিষ্টাচারহীন কোন আচরণ এবং নিম্নবর্ণিত আচরণসমূহও অসদাচরণের অন্তর্ভুক্ত হইবে-

(i) উর্দ্ধতন কর্মকর্তার আইনসম্মত আদেশের অবাধ্যতা;

(ii) কর্তব্যে চরম অবহেলা;

(iii) আইনসম্মত কারণ ব্যতিরেকে সরকারের কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশাবলীর অবজ্ঞা; এবং

(iv) যে কোন কর্তৃপক্ষের নিকট কোন সরকারী কর্মচারীর বিরুদ্ধে অসংযত, বিরক্তিকর, মিথ্যা বা তুচ্ছ অভিযোগ সম্বলিত দরখাস্ত দাখিল।

৩.৩. এছাড়াও স্মার্ট টহল বাস্তবায়ন অভিযানের সাথে সংশ্লিষ্ট বন বিভাগের কর্মচারীগণকে নিম্নোক্ত আচরণবিধি মেনে চলতে হবে।

৩.৩.১. অর্পিত দায়িত্ব পালনে সবাইকে সৎ এবং পরিশ্রমী হতে হবে। কর্মচারীগণ পরিকল্পিত কাজেই হোক বা অন্য কোন কাজেই হোক না কেন, ডাকার সাথে সাথে অবিলম্বে কাজে যোগ দিবেন।

৩.৩.২. স্মার্ট টহলে থাকা অবস্থায় ইউনিফর্ম পরে থাকতে হবে। কর্তব্যরত থাকুক বা না থাকুক, সর্বাবস্থায় স্মার্ট টহল দলের সদস্যগণকে অবশ্যই ব্যক্তিত্বপূর্ণ এবং পরিষ্কার ও পরিপাটি থাকতে হবে।

৩.৩.৩. বনজ সম্পদ আহরণ, গাছ বা অন্য বনজ সম্পদ কেনা-বেচা, বন্যপ্রাণী শিকার, বন্যপ্রাণী বা বন্যপ্রাণী ট্রফি বা মাংস খাওয়া বা কেনা-বেচা করা, অথবা নিষিদ্ধ এলাকা ও নিষিদ্ধ সময়ে অবৈধভাবে মাছধরা, অবৈধ যন্ত্র ব্যবহার করা বা বৈধ আকারের চেয়ে ছোট মাছ ও কাঁকড়া ধরাসহ যে কোন প্রকার অবৈধ সুযোগ প্রদানের বিনিময়ে কেহ কোন প্রকার অনৈতিক সুবিধা গ্রহণ করতে পারবেন না।

৩.৩.৪. বন আইন, ১৯২৭ (২০০০ সালে সংশোধিত); বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২; মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০; মৎস্য রক্ষা ও সংরক্ষণ বিধিমালা, ১৯৮৫; সামুদ্রিক মৎস্য বিধিমালা, ১৯৮৩; বাংলাদেশ কাঁকড়া রপ্তানি নীতিমালা, ১৯৯৮; বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫; সুন্দরবনের অভয়ারণ্যসমূহ ও রক্ষিত বনাঞ্চলের আভ্যন্তরীণ কোন আইন ও স্ট্যান্ডিং অর্ডার লঙ্ঘন করবে না। কেহ এর কোনটি লঙ্ঘন করলে তাৎক্ষণিকভাবে টহল দলনেতা অথবা সহকারী দলনেতা তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করবেন।

৩.৩.৫. সর্বসাধারণ ও সহকর্মীদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে। সব ধরনের কাজে স্বচ্ছতা, সততা ও পক্ষপাতহীনতা বজায় রাখতে হবে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে অনৈতিকভাবে সম্পৃক্ত থাকা যাবে না এবং হয়রানিমূলক কর্মকাণ্ড করা যাবে না। কখনোই প্রয়োজনের অতিরিক্ত ক্ষমতা ব্যবহার বা কর্তৃত্বের অপব্যবহার করা যাবে না।

৩.৩.৬. সরকারী সম্পত্তি নষ্ট বা ক্ষতিগ্রস্থ যেন না হয় সে ব্যাপারে উপযুক্ত যত্ন নিবে।

৩.৩.৭. টহলের কার্যক্রম ও তথ্যের গোপনীয়তা কঠোরভাবে বজায় রাখবে, এবং এগুলোকে ব্যক্তিগত সুবিধা বা লাভের জন্য ব্যবহার করবে না বা সরকারী কাজ সম্পাদনের বাধ্যবাধকতা ব্যতীত বন বিভাগের বাইরের কারও কাছে প্রকাশ করবে না।

৩.৩.৮. এমন কোন আচরণ করবে না যাতে বন বিভাগের সুনাম ক্ষুন্ন হয় বা হতে পারে।

৪. টহল পরিকল্পনা

৪.১ সাধারণ নির্দেশিকা

৪.১.১. প্রত্যেক স্মার্ট টহল দল প্রতি মাসে ১২-১৪ দিন দীর্ঘ একটি টহল সেশন এবং প্রতি দিন ৬-৮ ঘন্টা করে টহল প্রদান করবে। কোন ঘটনার তদন্ত বা মাঠ পর্যায়ে টহলের জন্য বেসক্যাম্প ছেড়ে যাবার দিনকে টহলের অন্তর্ভূক্ত করতে হবে। স্মার্ট টহল পরিকল্পনা অনুমোদন ফর্ম, জিপিএস ট্র্যাকলগ ও ওয়েপয়েন্ট, টহলের লগ বইসমূহ অথবা সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্র (স্মার্ট ট্যাবলেট বা ফোন) এর সাহায্যে সংগৃহীত টহল ডাটার মাধ্যমে সকল টহল সম্পাদন করতে হবে। তবে ফরম পূরণ বা প্রতিবেদন তৈরির দিন, বা বেসক্যাম্পে প্রস্তুতি গ্রহণের দিনসমূহ টহলের অংশ হিসেবে পরিগণিত হবে না। পূর্বনির্ধারিত অবৈধ কার্যক্রমের হটস্পট

বা গুরুত্বপূর্ণ এলাকাসমূহকে টহলের টার্গেট করতে হবে। প্রয়োজনে এসব এলাকায় দীর্ঘ সময় ধরে টহল করতে হবে। সংরক্ষিত এলাকার প্রবেশযোগ্য সব স্থানে নৌকা ও পায়ে হেঁটে টহল করতে হবে। প্রত্যেক টহল সেশনে প্রবেশযোগ্য স্থানসমূহের অন্ততপক্ষে ৭৫% এলাকা টহল করতে হবে। বাদ পড়া ২৫% এলাকা পরবর্তী টহল সেশনে কাভার করতে হবে, সেই সাথে পূর্ববর্তী টহল সেশনে কাভারকৃত এলাকা হতে ৫০% এলাকা কাভার করতে হবে। প্রত্যেক সেশনে কমপক্ষে ৫% টহল বনের ভেতরে পায়ে হেঁটে করতে হবে। টহল দল দ্বারা যে সমস্ত এলাকা পূর্ববর্তীতে কমপক্ষে তিনবার অবৈধ কার্যক্রমের হটস্পট হিসেবে চিহ্নিত হয়েছে সে সমস্ত এলাকায় নিয়মিতভাবে টহল করতে হবে। বিশেষভাবে বন ও বন্যপ্রাণী অপরাধ সংক্রান্ত গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং সংশ্লিষ্ট আইন ও বিধিমালা মেনে চলার প্রতি সচেতনতা বৃদ্ধির জন্য সুন্দরবনের সীমান্তবর্তী গ্রাম সংলগ্ন এলাকায় কিছু টহল সম্পাদন করতে হবে।

৪.১.২. পূর্ববর্তী মাসের টহলের ফলাফলের উপর ভিত্তি করে পরের মাসের টহল পরিকল্পনা তৈরি করতে হবে, এবং টহলের কার্যকারিতা বাড়ানোর জন্য টহল পরিকল্পনায় প্রয়োজনীয় পরিবর্তন বা সমন্বয় সাধন করতে হবে। টহলের রুট গোয়েন্দা তথ্য বা অবৈধ কার্যক্রমের চিহ্নিত হটস্পটের ভিত্তিতে বা র‍্যানডমলি নির্বাচন করতে হবে যাতে বন্যপ্রাণী শিকারি, অবৈধ মৎস্য শিকারি, গাছ চোর এবং ডাকাত ধরার সম্ভাব্যতা বৃদ্ধি পায়।

৪.১.৩ রেঞ্জ অফিস বা বেস স্টেশন ত্যাগ করার পূর্বে সকল টহল দল বাংলাদেশের সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক এ উল্লিখিত "স্মার্ট টহল পরিকল্পনা অনুমোদন ফরম" পূরণ করবে এবং রেঞ্জ অফিসারের কাছ থেকে অনুমোদন নিবে। টহল শুরুর পূর্বে টহল দলকে রেঞ্জ অফিসার অবশ্যই প্রয়োজনীয় দিকনির্দেশনা (ব্রিফিং) প্রদান করবেন।

৪.২ যন্ত্রপাতি ও সরবরাহ

প্রত্যেক টহল দলের সাথে বাংলাদেশের সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক, সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বইসমূহ, রেঞ্জের মানচিত্র, জরুরী যোগাযোগ নম্বর, জিপিএস, সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্র, মোবাইল ফোন, গো-প্রো ক্যামেরা, রেডিও, ভিএইচএফ রেডিও, ওয়াকি-টকি, ফার্স্ট এইড কিট, খাদ্য এবং সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক এ উল্লিখিত অন্যান্য সরঞ্জাম ও সরবরাহ থাকতে হবে।

৪.৩ স্মার্ট টহল দলের আকার ও গঠন

প্রতিটি স্মার্ট টহল দলে আট জন সদস্য থাকবেঃ ১) টহল দলনেতা, ২) সহকারী দলনেতা (যোগাযোগ কর্মকর্তা), ৩) স্মার্ট ডাটা রেকর্ডার, ৪) বন্যপ্রাণী ও হুমকি পর্যবেক্ষণ কর্মকর্তা এবং ৫) চার জন অস্ত্রধারী নিরাপত্তা প্রহরী। এছাড়া নৌযানের ধরন অনুযায়ী অতিরিক্ত জনবল থাকবে যেমন- ক) লঞ্চের ক্ষেত্রে ১ জন মাস্টার, ১ জন ইঞ্জিন ড্রাইভার, ১ জন লস্কর, ২ জন লেবার ও ১ জন বাবুর্চি, খ) ফাইবার বোটের ক্ষেত্রে ১ জন চালক ও ১ জন লেবার, গ) স্পিড বোটের ক্ষেত্রে ১ জন চালক।

৪.৪ স্মার্ট টহল দলের সদস্য নির্বাচন

টহল দলের সকল সদস্যকে পূর্ণাঙ্গভাবে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে (প্রশিক্ষণ ও মেন্টোরিং সেকশন ৮ দ্রষ্টব্য) এবং টহলে থাকাকালে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে প্রযুক্তিগতভাবে (যেমন- স্মার্ট ডাটা সংগ্রহ ও জিপিএস বা সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্র ব্যবহার করা) দক্ষ এবং শারীরিকভাবে (যেমন- পায়ে হেঁটে টহল করা, সাতার কাটা, অপরাধীকে তাড়া করা ও আটক করা) সক্ষম হতে হবে। স্মার্ট টহল প্রয়োগ কমিটির মাধ্যমে টহল দলের সকল সদস্য মনোনীত হবে। চাকুরি শেষ হতে কমপক্ষে পাঁচ বছর সময় আছে এমন কর্মচারীগণ স্মার্ট টহলে অংশগ্রহণ করতে পারবেন। স্মার্ট টহল দলের সদস্যগণকে বছরের যে কোন সময় এক স্মার্ট টহল দল থেকে আরেক স্মার্ট টহল দলে বদলি করা হতে পারে। স্মার্ট টহল দলের জন্য অতিরিক্ত জনবল নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

৪.৫ নিরাপত্তা

৪.৫.১. টহলে থাকা অবস্থায় সার্বক্ষণিক লাইফ জ্যাকেট পরে থাকতে হবে। রাত্রিকালে ডেকের উপর অবস্থানকালে এবং এক নৌকা থেকে অন্য নৌকায় উঠার সময় দলের সবাইকে লাইফ জ্যাকেট পরতে হবে। টহল দলের কোন সদস্য আহত বা অসুস্থ হলে চিকিৎসার জন্য প্রেরণ করতে হবে।

৪.৫.২. রাত্রিকালে নিরাপত্তার জন্য দলের সদস্যগণ পর্যায়ক্রমে সারারাত পাহারায় থাকবেন।

৪.৫.৩. স্মার্ট টহল পরিকল্পনা অনুসরণ করে সকল টহল সম্পাদন করতে হবে। যদি টহল দল কোন জরুরী অবস্থা বা সরবরাহজনিত সমস্যার কারণে টহল পরিকল্পনা অনুসরণ করতে না পারে তাহলে গৃহীত যে কোন পরিবর্তন সাথে সাথে রেঞ্জ অফিসারকে অবহিত করতে হবে। টহল দল এমন অঞ্চলে ক্যাম্প স্থাপন করবে যেখান থেকে সেলফোন বা রেডিও এর মাধ্যমে স্বাভাবিকভাবে যোগাযোগ রক্ষা করা যায়, তবে সংশ্লিষ্ট রেঞ্জ অফিসারের নির্দেশ বা অনুমতি সাপেক্ষে অন্যত্র ক্যাম্প করা যেতে পারে।

৪.৫.৪. মেইন বোট বা লঞ্চে সার্বক্ষণিকভাবে ২ জন অস্ত্রধারী নিরাপত্তা প্রহরী থাকতে হবে এবং ফাইবার বোট বা স্পিড বোট বা পায়ে হেঁটে টহলের সময় ২ জন অস্ত্রধারী নিরাপত্তা প্রহরী দলের সাথে থাকতে হবে।

৪.৫.৫. পায়ে হেঁটে টহল করার সময় দলের সবাই একসাথে থাকবেন। দলের সামনে ও পিছনে অবস্থানকারী সদস্যদ্বয় ফ্লেয়ার বহন করবেন। অস্ত্রধারী নিরাপত্তাকর্মীগণও দলের সামনে ও পিছনে থাকবেন। যদি কোন বাঘ সামনে পড়ে তাহলে সকলে হাত উঁচু করে একসাথে অবস্থান করবে যেন সবাইকে বড় দেখায়। সকলে উচ্চস্বরে চিৎকার করবে এবং ফ্লেয়ার জ্বালাবে। ধীরে ধীরে পিছনের দিকে সরে আসবে কিন্তু বাঘের দিকে পিঠ ফিরাবে না।

৪.৫.৬. অবৈধ ক্যাম্প বা আস্তানা দেখা গেলে, টহল দলনেতা প্রথমে পরিস্থিতি ও সম্ভাব্য হুমকি নিরীক্ষণ করবেন। যদি আস্তানাটি সক্রিয় হয়, তাহলে টহল দলনেতা জিপিএস কো-অর্ডিনেটসহ তার অবস্থান রেকর্ড করবেন, রেঞ্জ অফিসার বা বিভাগীয় বন কর্মকর্তাকে জানাবেন, এবং রিজার্ভ টিম, র‍্যাব, নেভি, কোস্টগার্ড বা বিজিবির কাছ থেকে সাহায্যের জন্য টহল দল নিরাপদ দূরত্বে অবস্থান করবে।

৪.৫.৭. টহলের সময় অবশ্যই জোয়ার-ভাটা বিবেচনায় রাখতে হবে। যেমন- ভাটার সময় নিচের দিকে টহল শুরু করা ও জোয়ারের সময় উপরের দিকে ফিরে আসা।

৪.৫.৮. টহলের সময় আবহাওয়ার বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। আবহাওয়া সম্পর্কিত আপডেট জানতে স্থানীয় রেডিও ব্যবহার করা যেতে পারে। যে কোন প্রাকৃতিক দুর্যোগ বা ঝড়ের সময় টহল দল নিরাপদ স্থানে অবস্থান করবে।

৫. টহলের পদ্ধতি

৫.১ অনুসন্ধান

৫.১.১. প্রশস্ত নদীতে টহল দলের বাইনোকুলারধারী সদস্য নৌকার সর্বোচ্চ ডেকের উপর অবস্থান করে পর্যবেক্ষণ করবে। ছোট খালে ছোট নৌকা ব্যবহার করে টহল করবে।

৫.১.২. টহল দলের সদস্যগণকে যেসব প্রত্যক্ষ চিহ্ন বা আলামত অনুসন্ধান করতে হবে তা হলোঃ বন্যপ্রাণী শিকার, অবৈধভাবে গাছ কর্তন বা বনজদ্রব্য আহরণ, অবৈধভাবে মাছ ধরা, অবৈধ ক্যাম্প বা আস্তানা, ছাউনি, অস্ত্র, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ ও ফাঁদ, অবৈধ নৌ-চলাচল, ইত্যাদি, এবং যে সব পরোক্ষ নিদর্শন খুঁজতে হবে তা হলোঃ ছোট খালে নৌকা চলার জন্য ভাঙ্গা ডাল-পালা এবং মানুষের পায়ের চিহ্ন যা বনের ভিতরের দিকে গেছে।

৫.২. যোগাযোগ

৫.২.১. প্রতিটি স্মার্ট টহল দলকে একটি করে সিমকার্ডসহ মোবাইল ফোন প্রদান করা হবে। গোয়েন্দা তথ্য এবং গোপনীয়তা রক্ষার জন্য সব ধরনের যোগাযোগ উক্ত মোবাইল ফোনের মাধ্যমে করতে হবে। বিভ্রান্তি এড়াতে সকল ফোন বা রেডিও যোগাযোগ টহল দলনেতা বা সহকারী দলনেতা এর মাধ্যমে পরিচালনা করতে হবে।

৫.২.২. স্মার্ট টহল শুরু করার পূর্বে দলের সকল সদস্য তাদের মোবাইল ফোন টহল দলনেতার কাছে জমা দিবে। মোবাইল ফোন টহল শেষে ফেরত দেয়া হবে।

৫.২.৩. প্রতিদিন টহল শুরু করার পূর্বে নির্ধারিত মোবাইল ফোনটি সম্পূর্ণরূপে চার্জ করা আছে কিনা তা নিশ্চিত হতে হবে।

৫.২.৪. রেঞ্জ অফিস বা বেস স্টেশনের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ফোন নম্বরসহ জরুরী নম্বর হিসেবে রেঞ্জ অফিসার, সহকারী বন সংরক্ষক, বিভাগীয় বন কর্মকর্তা, র‍্যাব, নৌবাহিনী, বিজিবি ও কোস্ট গার্ডের কমান্ড কন্ট্রোল সেন্টারের নম্বর সাথে রাখতে হবে।

৫.২.৫. টহল দল প্রতি ৪ ঘন্টা পর পর রেঞ্জ অফিস বা বেস স্টেশনের সাথে টহল চেক-ইন (যোগাযোগ) করবে। যদি একাধিক চেক-ইন মিস হয়, তাহলে রেঞ্জ অফিসার টহল দলের জন্য অনুসন্ধান শুরু করবেন।

৫.২.৬. ছোট খালে স্পিডবোট দিয়ে টহলকারী দল প্রতি ৩০ মিনিট পর পর লঞ্চ বা প্রধান নৌ-যানের সাথে চেক-ইন (যোগাযোগ) করবে।

৫.৩. গোয়েন্দা ও তথ্য সংগ্রহ

তথ্যদাতাদের নেটওয়ার্ক তৈরি ও ব্যবস্থাপনার জন্য গোপনীয়তা রক্ষা করতে হবে। বৈধ সম্পদ ব্যবহারকারীদের সাথে দীর্ঘস্থায়ী আস্থা তৈরির মাধ্যমে তাদেরকে স্বেচ্ছাসেবী তথ্যদাতা হিসাবে বিবেচনা করা যেতে পারে। কোন কোন তথ্যদাতা বিভ্রান্ত করার জন্য মিথ্যা ও বানোয়াট তথ্য দিতে পারে, তাই প্রাপ্ত তথ্য সতর্কতার সাথে বিবেচনা করতে হবে। তথ্যদাতাকে কোন সংবেদনশীল তথ্য প্রদান করা যাবে না।

৫.৪. প্রমাণ বা আলামত সংগ্রহ ও সন্দেহভাজন ব্যক্তিকে তল্লাশি করা

৫.৪.১. টহলের সময় সম্পদ ব্যবহারকারীদেরকে সম্মানের সঙ্গে থামিয়ে তল্লাশি করতে হবে। তাদেরকে বন্ধুত্বপূর্ণ আচরণের মাধ্যমে জিজ্ঞাসাবাদ করতে হবে।

৫.৪.২. সন্দেহজনক কোন মনুষ্য কর্মকান্ডের কাছে যাবার পূর্বে নিরাপত্তাজনিত সম্ভাব্য ঝুঁকিসমূহ পর্যালোচনা করতে হবে। যদি কোন ব্যক্তিকে বন, মৎস্য বা বন্যপ্রাণী অপরাধের নিদর্শন বা আলামতের কাছে দেখা যায়, তাহলে তাকে সন্দেহভাজন হিসেবে জিজ্ঞাসাবাদ করতে হবে এবং সতর্কতার সাথে তল্লাশি করতে হবে।

৫.৪.৩. তল্লাশির সময় সন্দেহভাজন সকল ব্যক্তিকে নিরাপত্তাজনিত কারণে নৌকা থেকে অন্যত্র বা নৌকার এক প্রান্তে সরিয়ে নিতে হবে এবং ব্যক্তি ও নৌকার সর্বত্র যথাযথভাবে তল্লাশি করতে হবে।

৫.৪.৪. উদঘাটিত অপরাধের ঘটনা বা পরিস্থিতি সম্পর্কে সঠিক তথ্য বিস্তারিতভাবে রেকর্ড করা অপরিহার্য, যেমন: (১) যে আইন বা বিধি ভঙ্গ করেছে তার লিখিত বিবরণ, (২) আসামীদের ব্যক্তিগত তথ্য ও স্বীকারুক্তিমূলক জবানবন্দি, (৩) সংশ্লিষ্ট উদ্ভিদ ও প্রাণী প্রজাতি সমূহের সঠিক শনাক্তকরণপূর্বক তালিকা, (৪) প্রযোজ্য ক্ষেত্রে যে এলাকায় অপরাধ ঘটেছে তা পরিদর্শনপূর্বক সংক্ষিপ্ত বিবরণ, (৫) আলামতসমূহ সঠিকভাবে জব্দ পূর্বক বিস্তারিত তালিকা এবং ট্যাগ, ছবি ও ভিডিও ফুটেজসহ নিরাপদে পরিবহন এবং সংরক্ষণ।

৫.৪.৫. প্রযোজ্য ক্ষেত্রে ফরেনসিক ল্যাবে আলামতসমূহ যেমন- মাংস, হাড়, দাঁত বা বিষ ইত্যাদির ফরেনসিক টেষ্ট করে সার্টিফিকেট নেয়া যেতে পারে।

৫.৫. আসামি ও আলামত হস্তান্তর এবং মামলা দায়ের

৫.৫.১. গ্রেফতারকৃত অপরাধী এবং সংশ্লিষ্ট আলামত বা প্রমাণ ও জব্দকৃত মালামাল নিকটস্থ বন বিভাগের স্টেশন বা ফাঁড়িতে হস্তান্তর করতে হবে। এসময় গ্রেফতারকৃত ব্যক্তি, আলামত বা প্রমাণ ও জব্দকৃত মালামালের বিস্তারিত তথ্য এবং অপরাধের বিবরণ বাংলাদেশের সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক এ উল্লিখিত "আসামি ও জব্দকৃত মালামাল হস্তান্তর ফরম" এ লিপিবদ্ধ করতে হবে।

৫.৫.২. গ্রেফতারকৃত অপরাধী এবং সংশ্লিষ্ট আলামত বা প্রমাণা ও জব্দকৃত মালামাল বন বিভাগের স্টেশন বা ফাঁড়ি গ্রহণ করবে এবং মামলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিবে। স্মার্ট টহল দলের সদস্য থেকে কমপক্ষে একজন মামলার সাক্ষী হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

৫.৫.৩. হস্তান্তরকারী ও গ্রহীতা উভয়ই আসামি ও জব্দকৃত মালামাল হস্তান্তর ফরমে স্বাক্ষর করবেন এবং উভয়ই নিজ নিজ অনুলিপি সংরক্ষণ করবেন।

৫.৬. রিজার্ভ টিম

স্মার্ট টহল দলের মতো একই আকার ও গঠনের একটি স্মার্ট রিজার্ভ টিম রেঞ্জ অফিসে প্রস্তুত থাকবে। এই টিম স্মার্ট টহল দলকে জরুরী অবস্থায় এবং টহল কার্যক্রম ও আইন প্রয়োগ সঠিকভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৬. স্মার্ট ডাটা সংগ্রহ

৬.১. স্মার্ট টহলে একটি জিপিএস বা সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্র ব্যবহার করে চলাচল ও ডাটা সংগ্রহ করতে হবে। সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক এ প্রদত্ত স্ট্যান্ডার্ড সেটিংস অনুযায়ী টহলে ব্যবহৃত সকল জিপিএস ও সাইবার ট্র্যাকার সেট-আপ করতে হবে।

৬.২. টহলের সকল কার্যক্রম স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বইসমূহে বা সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্রে রেকর্ড করতে হবে।

৬.৩. মনুষ্যঘটিত অপরাধসমূহের নিদর্শনসমূহ যেমন- ফাঁদ, শিকারের চিহ্ন, অবৈধ ক্যাম্প বা আস্তানা, অবৈধ মাছ ধরার সরঞ্জাম, এবং সংরক্ষণ হুমকিতে থাকা গুরুত্বপূর্ণ বন্যপ্রাণী পর্যবেক্ষণ যেমন- বাঘ, হরিণ, ডলফিন, ভোঁদর, কুমির (পূর্ণাঙ্গ তালিকার জন্য সুন্দরবনে স্মার্ট টহলের হ্যান্ডবুক দেখুন) এবং বৈধ প্রবেশকারী (যারা কোন অপরাধ করেননি) ও তাদের কর্মকাণ্ডসমূহ সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ লগ বইতে রেকর্ড করতে হবে।

৬.৪. অবৈধ প্রবেশকারী ও অবৈধ কর্মকাণ্ডসমূহ (যেমন- অবৈধ মৎস্যশিকার, বন্যপ্রাণী শিকার, গাছকাটা বা অন্যান্য বনজদ্রব্য আহরণ) সুন্দরবনে স্মার্ট টহলের হিউম্যান এনকাউন্টার লগ বইতে রেকর্ড করতে হবে।

৭. স্মার্ট (SMART) ডাটা ব্যবস্থাপনা ও প্রতিবেদন তৈরি

৭.১. স্মার্ট ডাটা ব্যবস্থাপনার জন্য সেকশন-১২ তে উল্লিখিত ছক যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৭.২. প্রতিদিন টহল শেষে টহল দলনেতা কম্পিউটারে একটি ফোল্ডার তৈরি করবেন এবং দলের নাম, জিপিএস বা সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্রের নম্বর ও তারিখ দিয়ে উক্ত ফোল্ডারটির নামকরণ করবেন। যদি জিপিএস ব্যবহার

করে টহল রেকর্ড করা হয় তাহলে জিপিএস হতে জিপিএক্স ফোল্ডার (যাতে ট্র্যাকলগ ও ওয়েপয়েন্ট থাকে), ক্যামেরা বা গো-প্রো ক্যামেরা হতে ছবি ও ভিডিও ফুটেজ কম্পিউটারে উক্ত ফোল্ডারে ডাউনলোড করবেন। কম্পিউটারে স্মার্ট ডাটাবেস এ একটি নতুন টহল তৈরি করবেন এবং জিপিএক্স ফোল্ডার হতে ট্র্যাকলগ ও ওয়েপয়েন্ট সংযুক্ত করবেন, সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বই হতে ডাটা এন্ট্রি দিবেন। এরপর টহল ডাটা একই ফোল্ডারে এক্সপোর্ট করবেন। যদি টহল রেকর্ড করতে সাইবার ট্র্যাকার সম্বলিত যন্ত্র ব্যবহার করা হয়, তাহলে টহল শেষে যত দ্রুত সম্ভব ট্র্যাকলগটি কম্পিউটারে স্মার্ট সফ্টওয়্যারে আপলোড করবেন এবং একটি নতুন টহল হিসেবে স্মার্ট ডাটা বেইজে সংযুক্ত করবেন।

৭.৩. প্রত্যেক টহল দলনেতা ১২-১৪ দিনের টহল সেশন সমাপ্ত করার পর পরবর্তী টহল দলকে দিক-নির্দেশনামূলক বিবৃতি প্রদানের লক্ষ্যে টহলের সার্বিক নিরাপত্তা এবং বন্যপ্রাণী, বন ও মৎস্য সম্পদের প্রতি হুমকি পর্যালোচনা করে একটি স্মার্ট ব্রিফিং নোট তৈরি করবেন এবং পরবর্তী ১ দিনের মধ্যে স্মার্ট টহল ব্রিফিং নোট, সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বই, ডাউনলোডকৃত জিপিএস ও সাইবার ট্র্যাকার ডাটা, ছবি, ভিডিও ফুটেজ এবং এক্সপোর্টকৃত টহল ডাটা রেঞ্জ অফিসারের কাছে অবশ্যই জমা দিবেন।

৭.৪. প্রাপ্তি সাপেক্ষে রেঞ্জ অফিসার নির্ধারিত কম্পিউটারে স্মার্ট এর লোকাল ভার্সনে ডাটা আপলোড করে পরবর্তী ১ দিনের মধ্যে সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বই, স্মার্ট টহল ব্রিফিং নোট, জিপিএস ও সাইবার ট্র্যাকার ডাটা, ছবি, ভিডিও ফুটেজ এবং এক্সপোর্টকৃত টহল ডাটা বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

৭.৫. বিভাগীয় বন কর্মকর্তা রেঞ্জ অফিসারের নিকট হতে সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বই, স্মার্ট টহল ব্রিফিং নোট, জিপিএস বা সাইবার ট্র্যাকার ডাটা, ছবি, ভিডিও ফুটেজ এবং এক্সপোর্টকৃত টহল ডাটা যে দিন হাতে পাবেন সে দিন-ই এন্ডোর্স করে স্মার্ট ডাটা ম্যানেজারের নিকট প্রেরণ করবেন।

৭.৬. সুন্দরবনে স্মার্ট টহলের সাধারণ ও হিউম্যান এনকাউন্টার লগ বই, স্মার্ট টহল ব্রিফিং নোট, জিপিএস বা সাইবার ট্র্যাকার ডাটা, ছবি, ভিডিও ফুটেজ এবং এক্সপোর্টকৃত টহল ডাটা বিভাগীয় বন কর্মকর্তার কাছ থেকে প্রাপ্তি সাপেক্ষে স্মার্ট ডাটা ম্যানেজার মনোনীত রেঞ্জের স্মার্ট টহল প্রতিবেদন তৈরি করবেন এবং সকল ডকুমেন্টসহ প্রতিবেদনটি ৩ কার্যদিবসের মধ্যে স্মার্ট ডাটা কোঅর্ডিনেটরের নিকট প্রেরণ করবেন।

৭.৭. স্মার্ট ডাটা কোঅর্ডিনেটর ২ কার্যদিবসের মধ্যে প্রত্যেক রেঞ্জের জন্য টহল সুপারিশ সম্বলিত একটি সমন্বিত খসড়া মাসিক প্রতিবেদন তৈরি করবেন এবং রিভিউ করার জন্য স্মার্ট টহল প্রয়োগ কমিটির নিকট প্রেরণ করবেন। তিনি প্রাপ্ত সকল ডকুমেন্ট বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা এর জিআইএস ল্যাবে নিরাপদে সংরক্ষণ করবেন।

৭.৮. স্মার্ট টহলের খসড়া মাসিক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে স্মার্ট টহল প্রয়োগ কমিটি পরবর্তী ৭ দিনের মধ্যে উক্ত মাসের জন্য একটি মাসিক স্মার্ট টহল সভা সম্পাদন করবেন যাতে বন সংরক্ষক, খুলনা সার্কেল সভাপতিত্ব করবেন। সকল টহল দলনেতা, ডাটা কোঅর্ডিনেটর এবং ডাটা ম্যানেজার উক্ত সভায় উপস্থিত থাকবেন। এ সভায় স্মার্ট টহলের মাসিক প্রতিবেদন রিভিউ করা হবে এবং সামগ্রিকভাবে স্মার্ট অপারেশন এবং টহল পরিকল্পনা, আভ্যন্তরীণ দাপ্তরিক সমন্বয় সাধন বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হবে। স্মার্ট টহল প্রয়োগ কমিটি টহল প্রতিবেদন থেকে তথ্য ব্যবহার করে সুন্দরবনের অভয়ারণ্য ও সংরক্ষিত বনের ভিতরে ও বাইরে যেখানে টহল হয় নাই এমন এলাকাসমূহ চিহ্নিত করবেন এবং সে সব এলাকাকে পরবর্তী টহলে কাভার করার জন্য টার্গেট দিবেন। বন সংরক্ষক, খুলনা সার্কেল-এর অনুরোধক্রমে উন্নয়ন সহযোগী ও সংরক্ষণ সংস্থা (যদি থাকে) প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা, পরামর্শ এবং মতামত প্রদান করার জন্য পর্যবেক্ষক হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবে।

৭.৯. স্মার্ট ডাটা কোঅর্ডিনেটর ১ কার্য দিবসের মধ্যে স্মার্ট টহল প্রয়োগ কমিটি কর্তৃক প্রদত্ত সকল মন্তব্য মাসিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন এবং সুন্দরবনে স্মার্ট টহলের চূড়ান্ত মাসিক প্রতিবেদন বন সংরক্ষক, খুলনা সার্কেল এর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

৭.১০. সুন্দরবনে স্মার্ট টহলের মাসিক প্রতিবেদনের ফরম্যাট হবেঃ ১) কভার পেজ (মাসিক স্মার্ট প্রতিবেদন, মাসের নাম, রেঞ্জ বা অভয়ারণ্যের নাম, প্রতিবেদন সংখ্যা, প্রস্তুতকারকদের নাম, বন বিভাগের লোগো ও নাম), ২) সূচীপত্র, ৩) সারমর্ম, ৪) ভূমিকা/পটভূমি, ৫) টহল শ্রম, ৬) মনুষ্য কর্মকাণ্ড ও আইন প্রয়োগ, ৭) বন্যপ্রাণী পর্যবেক্ষণ, ৮) দল কর্তৃক মোকাবেলাকৃত চ্যালেঞ্জসমূহ, ৯) পরামর্শ।

৭.১১. প্রতিবেদনে স্মার্ট কুয়েরি ও সামারি (সারমর্ম) এর উপর ভিত্তি করে নিম্নোক্ত মানচিত্রসমূহ সংযুক্ত করতে হবেঃ ১) মোট টহলকৃত এলাকা (কিলোমিটার), ২) মোট মানুষ পর্যবেক্ষণ, ৩) সকল মনুষ্য কর্মকাণ্ড, ৪) মাছ ধরার কার্যক্রম, ৫) নৌকা বা ট্রলার, ৬) অবৈধ ক্যাম্প বা ছাউনি, ৭) সকল বন্যপ্রাণী পর্যবেক্ষণ, ৮) স্থলজ স্তন্যপায়ী বন্যপ্রাণী পর্যবেক্ষণ, ৯) জলজ স্তন্যপায়ী বন্যপ্রাণী পর্যবেক্ষণ, ১০) সরীসৃপ পর্যবেক্ষণ, ১১) পাখি পর্যবেক্ষণ, ১২) বন্যপ্রাণীর চিহ্নসমূহ পর্যবেক্ষণ। সকল মানচিত্রে স্কেল, লিজেন্ড, নর্থ অ্যারো ও বর্ডার থাকতে হবে এবং উপরে ও ডান পাশের

বর্ডারের বাইরে অক্ষাংশ-দ্রাঘিমাংশ উল্লেখ করতে হবে। মানচিত্রে পর্যবেক্ষণসমূহকে বিভিন্ন প্রতীক দ্বারা উপস্থাপন করতে হবে, এতে রং ব্যবহার করা যাবে না।

৭.১২. স্মার্ট টহলের মাসিক প্রতিবেদনের শেষে টহলের তথ্য ও পর্যবেক্ষণের ভিত্তিতে প্রস্তুতকৃত পরামর্শসমূহ সংযুক্ত করতে হবে।

৭.১৩. স্মার্ট টহল দলসমূহ একে অপরের সাথে পুনঃঅপরাধকারীদের শনাক্তকরণের জন্য অপরাধীদের তালিকা বিনিময় করবে।

৮. প্রশিক্ষণ ও পরামর্শদান

৮.১. টহল দলে অংশগ্রহণকারী বনবিভাগের সকল কর্মীকে বন বিভাগ, উন্নয়ন সহযোগী ও সংরক্ষণ সংস্থা কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ে আইন প্রয়োগ বিষয়ক প্রশিক্ষণ, বিশেষজ্ঞ পর্যায়ে পেশাগত আইন প্রয়োগ ও পর্যবেক্ষণ কৌশলের উপর প্রশিক্ষণ এবং আইন প্রয়োগীকরণ অভিযান সংক্রান্ত অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৮.২. স্মার্ট টহল দলের দলনেতা ও সহকারী দলনেতাকে বন্যপ্রাণী অপরাধের ঘটনা তদন্ত, আলামত বা প্রমাণ সংগ্রহ, গোয়েন্দা তৈরি ও জিজ্ঞাসাবাদ কৌশলের উপর উন্নত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৮.৩. প্রত্যেক টহল দলে অন্তত একজন সদস্যের ফার্স্ট এইড ট্রেনিং থাকতে হবে।

৮.৪. স্মার্ট টহল দলের দলনেতা ও সহকারী দলনেতাকে স্মার্ট ডাটাবেসে ডাটা এন্ট্রিকরণের উপর প্রশিক্ষণ থাকতে হবে।

৮.৫. স্মার্ট ডাটা ম্যানেজার এবং স্মার্ট ডাটা কোঅর্ডিনেটরকে ডাটা ব্যবস্থাপনা ও প্রতিবেদন তৈরির উপর বিশেষজ্ঞ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৮.৬. স্মার্ট নিরাপত্তা প্রহরী ও রিজার্ভ টিমের সদস্যদের স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র চালনা, অপরাধের ঘটনা ব্যবস্থাপনা এবং পাল্টা জলদস্যু অপারেশনের উপর উন্নত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৮.৭. স্মার্ট টহল দলকে যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষকের সাহায্যে নিয়মিতভাবে মেন্টোরিং করতে হবে যাতে টহল দল আইন প্রয়োগ ও বন্যপ্রাণী পর্যবেক্ষণ টহল কার্যকরভাবে সম্পাদনসহ কিভাবে আইন ও বিধিমালা সঠিকভাবে প্রয়োগ করতে হয়, এবং স্মার্ট ডাটা সংগ্রহ করতে হয় এবং স্মার্ট ডাটাবেসে তা এন্ট্রি দিতে হয়, সেইসব বিষয়ে জ্ঞানলাভ ও সক্ষমতা অর্জন করে।

৮.৮. সম্ভব হলে স্মার্ট টহল দলকে মেন্টোরিং ও তাদের কর্মদক্ষতা মূল্যায়ন করার জন্য টহল বোটে বন বিভাগ বা সংরক্ষণ সংস্থা বা অংশীদারদের মধ্য থেকে পর্যবেক্ষক নিয়োগ করা যেতে পারে।

৯. ফরেস্ট স্টেশন বা টহল ফাঁড়ির দায়িত্ব ও কর্তব্য

৯.১. বন বিভাগের স্টেশন বা টহল ফাঁড়িতে অবস্থানকারী কর্মচারীগণ তাদের এখতিয়ারভুক্ত (জুরিসডিকশন) এলাকায় নিয়মিত টহল প্রদান করবে এবং স্মার্ট টহল দলকে চাহিদা অনুযায়ী সহযোগিতা বা ব্যাকআপ দিবে।

৯.২. স্মার্ট টহল দল ও বন বিভাগের স্টেশন বা টহল ফাঁড়ি উভয়ই গোয়েন্দা তথ্য এবং সম্মিলিতভাবে আইন প্রয়োগ সংক্রান্ত অপারেশনের জন্য একে অপরের সাথে যোগাযোগ রক্ষা করবে।

৯.৩. বন বিভাগের স্টেশন বা টহল ফাঁড়িসমূহ গ্রেফতারকৃত অপরাধী এবং জব্দকৃত মালামাল গ্রহণ করবে, বিচারের জন্য মামলা দায়ের করবে এবং আলামত বা প্রমাণ যথাযথভাবে সংরক্ষণ ও আদালতে উপস্থাপন করবে।

১০. কৃতিত্ব পর্যবেক্ষণ ও উৎসাহ ভাতা


১০.১. একগুচ্ছ মানসম্মত সূচকের মাধ্যমে প্রতি তিন মাস অন্তর সম্পাদিত টহলের ফলাফলের উপর ভিত্তি করে টহল দলের সদস্যদের পারফরমেন্স যাচাই করা হবে। যেমন- প্রত্যেক টহল দল কর্তৃক সম্পাদিত মোট টহল সময় (ঘন্টা), টহল দূরত্ব (কিমি), টহল কাভারেজের হার (%), অবজারভেশন (সংখ্যা), এবং রেঞ্জ অফিসার ও স্মার্ট ডাটা কোঅর্ডিনেটরের প্রতিবেদন।

১০.২. অর্থ যোগান নিশ্চিত করা গেলে দৃষ্টান্তমূলক কৃতিত্বসমূহ পুরস্কৃত করার বিশেষ ব্যবস্থা চালু করা যেতে পারে। এ বিষয়ে স্মার্ট টহল প্রয়োগ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

১১. ক্ষতিপূরণ

বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এবং বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত মানুষের জানমালের ক্ষতিপূরণের নীতিমালা, ২০১০ অনুযায়ী হতাহত, জখমী, বা বন্যপ্রাণী দ্বারা আক্রান্ত ব্যক্তিকে, তিনি বন বিভাগের মধ্য থেকেই হোন আর স্থানীয় সম্প্রদায়ের মধ্য থেকেই হোন না কেন, ক্ষতিপূরণ দেয়া হবে।

১২. স্মার্ট ডাটা সংগ্রহ, প্রতিবেদন তৈরি ও ব্যবস্থাপনার ছক



SMART Operating Procedures for Law Enforcement and Wildlife Monitoring Patrols in the Sundarbans Mangrove Forest of Bangladesh

The SMART Operating Procedures (SMART OPs) for Law Enforcement and Wildlife Monitoring Patrols in the Sundarbans Mangrove Forest of Bangladesh are consistent with the laws and rules of the Government of Bangladesh. They should be followed at all times by Bangladesh Forest Department (BFD) staff in the planning and execution of SMART patrols as well as for collecting and managing SMART patrolling data and generating up-to-date reports on patrolling activities including arrests of forest, fishery and wildlife criminals and sightings of wildlife prioritized according to conservation risk. Details for following the SMART OPs are contained in the Handbook for SMART Patrols in the Sundarbans Mangrove Forest of Bangladesh. This handbook should be carried during all SMART patrols and used as a reference for implementation of the SMART OPs.

1. SMART Patrol Objectives

1.1 Law Enforcement and Forest Offence Control - Achieve a secure environment for biodiversity in the Sundarbans Mangrove Forest of Bangladesh by controlling forest offence through enforcement of relevant laws and rules.

1.2 Threat Monitoring - Rigorously monitor and document trends in threats including sightings of destructive fishing gears and practices (e.g., poison fishing), wildlife poaching and hunting equipment, woodcutters and signs or evidence of woodcutting, livestock grazing, illegal vessel traffic and pollution.

1.3 Wildlife Monitoring - Monitor and document wildlife sightings for providing verifiable records of presence, detecting biodiversity and ecological trends, and evaluating the effectiveness of patrols.

1.4 Awareness raising on laws and rules - Create awareness among resource users including fishers, tour operators, vessel captains and crews about compliance with the laws and rules.

2. SMART Patrol Enforcement Committee

